দৈনিক ইনকিলাব

তারিখ 05 NOV 1991

পৃষ্ঠা ... কলাম ...

# জেলা সদরে মডেল মাধ্যমিক বিদ্যালয় স্থাপন বিবেচনাধীন

।। জাকারিয়া কাজল ।।

বিগত বছরগুলোতে প্রাথমিক ও উচ্চ মাধ্যমিক স্তরের শিক্ষা প্রতিষ্ঠানগুলো যেভাবে জাতীয়করণ করা হয়েছে, মাধ্যমিক স্তরের শিক্ষা প্রতিষ্ঠানের বেলায় তা হয়নি। মূলতঃ মাধ্যমিক শিক্ষা ব্যবস্থা অবহেলার শিকার। এ প্রেক্ষিতে প্রত্যেক জেলা সদরে মাধ্যমিক স্তরে একটি করে মডেল মাধ্যমিক বিদ্যালয় স্থাপন এবং শিক্ষা প্রতিষ্ঠান জাতীয়করণের বর্তমান নীতিমালা আরো কড়াকড়ি ও বাস্তবভিত্তিক করার বিষয়ে চিন্তা করা হচ্ছে। শিক্ষা প্রতিষ্ঠান জাতীয়করণ সংক্রান্ত নীতিমালা প্রণয়ন বিষয়ক মন্ত্রী পরিষদ সাব কমিটির সম্প্রতি অনুষ্ঠিত বৈঠকে এ বিষয়গুলো আলোচিত হয়েছে।

বিগত সময়ে সম্ভাব্যতা যাচাই এবং বাস্তব প্রেক্ষিত বিবেচনা ছাড়া সম্পূর্ণ রাজনৈতিক কারণে বেশকিছু শিক্ষা

৭-এর পৃঃ ৫-এর কঃ দেখুন

## মডেল বিদ্যালয়

প্রথম পৃষ্ঠার পর

প্রতিষ্ঠান বিশেষত উচ্চ মাধ্যমিক স্তরের শিক্ষা প্রতিষ্ঠান জাতীয়করণ করা হয়েছে। অনেক ক্ষেত্রে একটি উচ্চ মাধ্যমিক স্তরের শিক্ষা প্রতিষ্ঠানের জন্য প্রয়োজনীয় অবকাঠামোগত সুবিধাও এসব শিক্ষা প্রতিষ্ঠানে অনুপস্থিত দেখা গেছে। ফলে এসব শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষকদের চাকরিই জাতীয়করণ হয়েছে — শিক্ষা মানের তেমন কোন উন্নতি হয়নি। প্রয়োজনীয় অর্থের সংস্থান না থাকায় ইতিমধ্যে ঘোষিত অনেক জাতীয়করণকৃত উচ্চ মাধ্যমিক স্তরের শিক্ষা প্রতিষ্ঠানের বেলায় জাতীয়করণের সিদ্ধান্ত স্থগিত হয়ে আছে।

বর্তমান সরকার বাস্তব প্রেক্ষিত বিবেচনা না করে শুধুমাত্র রাজনৈতিক কারণে শিক্ষা প্রতিষ্ঠান জাতীয়করণ করার বিষয়ে কঠোর মনোভাব গ্রহণের পক্ষপাতি। সরকার প্রতি জেলা সদরে জেলা স্কুলের মতো মডেল মাধ্যমিক স্তরের বিদ্যালয় স্থাপনে অধিক আগ্রহী বলে সংশ্লিষ্ট সূত্র জানিয়েছে। সূত্র মতে, অচিরেই এ বিষয়ে সরকারী সিদ্ধান্ত জানানো হবে।

32